মেহেরপুরে করোনায় আরও এক জনের মৃত্যু, মোট ১৯

মেহেরপুরে প্রাণঘাতী করোনো ভাইরাসে আক্রান্ত হয়ে মহিরুল ইসলাম
(৬০) নামের আরও এক জনের মৃত্যু হয়েছে।

তিনি মেহেরপুর জেলার গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের বাসিন্দা। তিনি মেহেরপুর সরকারি হাসপাতালে করোনা ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরণ করেন। এ নিয়ে জেলায় মৃত্যুর সংখ্যা দাড়ালো ১৯ জনে।

এ দিকে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ১ জন। এ নিয়ে জেলায় মোট করোনা রোগী দাঁড়াল ১৪ মার্চ ২০২১ থেকে আজ পর্যন্ত আক্রান্তের সংখ্যা ১২৭ জন। এ পর্যন্ত সর্বমোট পজিটিভ ৮৯৭ টি।

আজ বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন জানান, ফলাফল এসেছে ০৯ টি। এর মধ্যে নতুন করে ১ জন করোনা রোগী শনাক্ত হয়েছে। নমুনা পাঠানো হয়েছে ১৭ টি।

এ নিয়ে মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে পজিটিভ সংখ্যা ৩৮(সদরে- ১২, গাংনীতে- ১৭, মুজিবনগরে- ০৯) জন।

এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৬৬৩৪ টি। মৃত্যু- ১৯ জন (সদর- ৯, গাংনী- ৮, মুজিবনগর- ২), সুস্থ্য- ৭৭২ জন, ট্রান্সফার্ড- ৬৬ জন।
ভিন্নসূত্রে পাওয়া পজিটিভের পরিচয় মেহেরপুরের গোভিপুরের ফাতেমা (৬৬)।

সবাইকে সামাজিক দূরত্ব মেনে নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখাসহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে চলা এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন।

ঝিনাইদহের বিষয়খালী বাজারে ভ্রাম্যমান আদালতে জরিমানা

ঝিনাইদহ সদর উপজেলার বিষয়খালী বাজারে বৃহস্পতিবার সকাল ১১টায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। এই সময় তিনটি প্রতিষ্ঠানকে জরিমানা করে আদালত।

ভ্রাম্যমান আদলতের ম্যাজিস্ট্রেট ও ভোক্তা অধিকারের উপ-পরিচালক সুচন্দন মন্ডল জানান, সরকার নির্ধারিত মূল্যের চেয়ে খাদ্যদ্রব্যের দাম বেশি রাখাই শিমুল স্টোর এর মালিক আবদুল কাদেরকে পাঁচ হাজার টাকা এবং নারায়ণ স্টোরের মালিক কে তিন হাজার টাকা জরিমানা করা হয়েছে।

এছাড়া সরকার ঘোষিত সর্বাত্মক লকডাউন আইন অমান্য করে গ্যারান্টি জুয়েলার্সের মালিক উজ্জল ভৌমিক এর দোকান খোলা রাখার দায়ে ১হাজার টাকা জরিমানা করা হয়েছে।
এসময় ভ্রাম্যমাণ আদালত বাজারে মাইকিং করে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দোকান সকাল ৮টা থেকে দুপুর তিনটা পর্যন্ত খোলা রাখতে বলেছে এবং অন্যান্য দোকান বন্ধ রাখতে বলেছেন । মাস্ক ব্যবহার এবং প্রয়োজন ছাড়া বাইরে ঘোরাঘুরি না করার জন্য অনুরোধ করেছেন।

ঝিনাইদহে লকডাউনে কর্মহীন মানুষের মাঝে উপহার সামগ্রী বিতরণ

করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধের ঝিনাইদহে লকডাউনে কর্মহীন হয়ে পড়া মানুষের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার মানবিক সহায়তা খাদ্য সামগ্রী বিতরণ কর্মসূচি শুরু করলেন ঝিনাইদহ জেলা প্রশাসক।

আজ বৃহস্পতিবার সকালে প্রায় এক হাজার কর্মহীন নিম্ন আয়ের মানুষের

হাতে ১০ কেজি করে চাল তুলে দিলেন জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান। তাছাড়া প্রত্যেককে ২ শ করে টাকা প্রদান করলেন পৌরসভা মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু।

সেসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, উপজেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট আব্দুর রশীদ, জেলা তথ্য অফিসার আবু বকর সিদ্দিক, সদর উপজেলা নির্বাহী অফিসার এসএম শাহীন, ভাইস চেয়ারম্যান আরতী দত্ত, জেলা ভোক্তা অধিকার অধিদপ্তরের উপপরিচালক সুচন্দন মন্ডলসহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

দামুড়হুদার চিৎলায় সড়ক দুর্ঘটনায় একজন নিহত

দামুড়হুদা উপজেলার চিৎলা বটতলার মোড়ে মোটরসাইকেল ও বাইসাইকেল সংঘর্ষে নিহত এক জন ও আহত একজন।গতকাল বৃহস্পতিবার (দুপুর ১২:১০ মিনিটের সময় দামুড়হুদা থানাধীন চিৎলা গ্রামে বটতলা মোড়ে মোঃ টোটন মিয়ার ছেলে মোঃ শুভ (১৭) ও মোঃ সুমন (১৫) মোটরসাইকেলযোগে মাঠে জনের খাবার দিয়ে বাড়ি আসার পথিমধ্যে বাইসাইকেলের সাথে ধাক্কা লাগে। ধাক্কা লাগার সাথে সাথে মোটরসাইকেল আরোহী শুভ রাস্তায় পড়ে যায় এবং মাথায় মারাক্তকভাবে আঘাত প্রাপ্ত হয়ে ঘটনাস্থলেই মারা যায়। এবং ছোট ভাই সুমন সুস্থ আছে। সুমন বর্তমানে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স শীৎলা হাসপাতালে ভর্তি আছে। শুভ লাশ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চিৎলা হাসপাতাল আছে।

গাংনীর ফুটপাথের কারিগরদের দুর্দিন

গাংনীর রেজাউল চত্বরে বটগাছের ছায়ায় মাথায় হাত দিয়ে বসে আছেন চর্মকার সমর দাস। আগে যেখানে চারশ’ টাকা থেকে পাঁচশ’ টাকা আয় রোজগার হতো সেখানে এখন সারা দিনে আয় হয়েছে তার মাত্র ৬০ টাকা। সংসারে রয়েছে স্ত্রী পুত্রসহ ৬ জন। এ টাকা দিয়ে কীভাবে তাদের মুখে আহারের ব্যবস্থা করবেন তিনি? এ চিন্তায় মগ্ন সমর দাস। লকডাউন আর করোনার কারণে লোকজন বাজারে না আসায় আয়ের পথটি তার বন্ধ। সরকারী কোন সহযোগিতাও পাননি তিনি। শুধু সমর দাস নয় তার মতো ফুটপাথের সব কারিগরদের অবস্থা একই।

গাংনী উপজেলা শহর, বামন্দী বাজার, রাইপুর, হেমায়েতপুরসহ বিভিন্ন স্থানে অন্ততঃ পাঁচ শতাধিক ছোট ছোট কারিগর ফুটপাথে ব্যবসা করতেন। জিবন জীবিকার তাগিদে কেউ চর্মকার, তালা, ছাতা, হারিকেনসহ ছোট ছোট মেরামতের কাজ করতেন। লকডাউনের কারণে আজ তাদের জিবন জীবিকার পথটিও বন্ধ হয়ে গেছে। কয়েকজন ফুটপাথে বসলেও প্রশাসনের তৎপরতায় অধিকাংশ কারিগর শহরে বসতে না পেরে গ্রামে গ্রামে ঘুরছেন।

গাংনীর হাটবোয়ালিয়া রোডের তালার কারিগর আব্দুর রশীদ জানান, প্রতিদিন তালা মেরামত ও চাবি তৈরীসহ টুকিটাকি কাজ করে তিন চারশ টাকার কাজ হতো। লকডাউনের কারণে মানুষের চলাচল না থাকায় আয়ের পথটি প্রায় বন্ধ। দিনে এখন একশ টাকা আয় করা দ্বায় হয়েছে। একই কথা জানালেন কারিগর আলাউদ্দীন।

ছাতার কারিগর আল আমিন জানান, রোদ কিংবা বৃষ্টি সব সময় ছাতার ব্যবহার হয়। আগে লোকজনের সমাগম ছিল তখন প্রতিদিন পাঁচশ থেকে ছয়শ টাকা রোজগার হতো। এখন আয় নেই। গ্রামে গ্রামে ঘুরে একশ দেড়শ টাকা হয়। তা দিয়ে সন্তানদের আহার যোগানো ও পড়া লেখার খরচ মেটানো দ্বায়। লকডাউনে রুটি রুজি কেড়ে নিয়েছে। সরকারী কোন সহযোগিতাও পাননি ।

কারিগরদের সাথে কথা বলে জানা গেছে, তাদের স্বল্প পুঁজিতে ফুটপাথে থেকে কোন রকম দিনপাত চলছিল। এ পথটি বন্ধ অথচ সরকার তাদের জিবীকার কোন ব্যবস্থা করছেন না। সামান্য সহযোগিতা পেলে তারা বেঁচে যেতে পারতো।

এ ব্যাপারে গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ জানান, লকডাউনের কারণে ফুটপাথের ব্যবসায়িদের কিছুটা সমস্যা হচ্ছে। তবে সরকারী সুবিধা আসলে তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে প্রদান করা হবে।

ঝিনাইদহ বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে বেহাল দশা শরিফের

ঝিনাইদহ সদর উপজেলার ৯ নং পোড়াহাটি ইউনিয়নের উত্তর কাষ্টসাগরা গ্রামের, মোঃ শরিফ হোসেন(২৫) শিকারপুর গ্রামের নতুন মসজিদ এর কাজ দেখতে গিয়ে ছাদে ওঠার পর পাশে থাকা ১১ হাজার ভোল্টেজ এর বিদ্যুৎ এর তারের সংস্পর্শে এসে তার গায়ের বিভিন্ন অংশ্য ঝলসে যায় এবং ছাদ থেকে নিচে পড়ে গিয়ে মাজায় গুরুতর আঘাত হয়েছে ।

প্রথম অবস্থা সদর হাসপাতালে ভর্তি করা হয় কিন্তু তার অবস্থা অবনতি হওয়াই কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তির নির্দেশ দেন বর্তমানে তিনি খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে এর বার্ন ইউনিট চিকিৎসাধিন অবস্থাই আছেন কিন্তু তার পরিবার আর্থিক ভাবে সাবলম্বি না হওয়াই এই অবস্থাই তার পরিবার এর পক্ষে তার চিকিৎসার খরচ চালানোর সম্ভব হচ্ছে না

শৈলকুপায় মসজিদ নির্মানকে কেন্দ্র করে সংঘর্ষ, আহত ৮

একই গ্রামে দ্বিতীয় মসজিদ নির্মানকে কেন্দ্র করে প্রতিদ্বন্দী গ্রামবাসিদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। ঘটনাটি বৃহস্পতিবার সকালে ঝিনাইদহের শৈলকুপার ৬নং সারুটিয়া ইউনিয়নের বরুরিয়া গ্রামে।

সংঘর্ষে উভয় পক্ষের ৮ ব্যক্তি আহত হয়। তাদের শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্স ও কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এলাকাবাসিদের সূত্রে জানা যায়, দীর্ঘদিন যাবত বরুরিয়া গ্রামে মুক্তার হোসেন জোয়ার্দ্দার ও মনোয়ার হোসেনের মধ্যে বিরোধ চলে আসছে। এ ঘটনায় মুক্তার হোসেন ও তার সমর্থকরা গ্রামটিতে আলাদা মসজিদ নির্মান শুরু করলে তার বিরোধীতা করতে থাকে মনোয়ার বিশ্বাস সমর্থকরা।

এ ঘটনাকে কেন্দ্র করে বৃহস্পতিবার সকালে উভয় পক্ষের সমর্থকরা দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পরে। এ সময় আলাউদ্দিন মোল্যা, গোলাম মোস্তফা, জাফুরুল ইসলাম, হাসান উদ্দিন, নজরুল বিশ্বাস ও আলাউদ্দিন সহ ৮ ব্যক্তি আহত হয়। আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। আহতদের মধ্যে নজরুল ইসলামের অবস্থা গুরুত্বর হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন চিকিৎসক।

শৈলকুপা থানার ওসি(তদন্ত) মহসিন হোসেন জানান, সংঘর্ষের কথা তারা শুনেছেন তবে থানায় কোন পক্ষই অভিযোগ দায়ের করেনি বলে জানান।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় আহত-৩

আলমডাঙ্গা মুন্সিগঞ্জে বালি বোঝায় ট্রাক্টর ও অটো বাইকের মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটেছে। গতকাল বুধবার সকাল ১০ টার দিকে আলমডাঙ্গার কৃষ্ণপুরে এই দুর্ঘটনাটি ঘটে।

এ দুর্ঘটনায় ৩ জন যাত্রী গুরুত্বর আহত হয়। স্থানীয়দের সহযোগিতায় আহত ব্যাক্তিদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

জানাগেছে, চুয়াডাঙ্গা টু আলমডাঙ্গা সড়ক দিয়ে বালি ভর্তি ট্রাক্টর যাচ্ছিলো। ট্রাক্টরটি মুন্সিগঞ্জের কৃষ্ণপুর এলাকায় পৌঁছালে বিপরীত থেকে অটো বাইকের মুখোমুখি সংঘর্ষ হয়। এসময় অটো গাড়িতে

থাকা মহিলা ও পুরুষ ৩ জন গুরুত্বর আহত হয়।

আহত ব্যাক্তিরা হলো-চুয়াডাঙ্গার আলুকদিয়া গ্রামের সাহেব আলির ছেলে অটো চালক মান্নান, গোপালপুর গ্রামের মৃত টেংগর আলির মেয়ে ভানু, হানুরবাড়াদি গ্রামের আজগারের ছেলে আব্দুর রহিম।

স্থানীয়রা আহত ব্যাক্তিদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন।

আলমডাঙ্গায় দলীয় নেতা কর্মীদের সাথে এমপির মতবিনিময়

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গায় আওয়ামী লীগ নেতা কর্মীদের মতোবিনিময় করেছেন।

সভায় এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, দেশে নতুন করে সাড়ে ৪ হাজার করোনা ভাইরাসের সংক্রমণ বৃদ্ধি পেয়েছে, প্রতিদিন গড়ে সাড়ে ৪ হাজার আক্রান্ত, এবং গড়ে মৃত্যুর সংখ্যা ১০০। অতএব সকলকে সজাগ হতে হবে।

সরকার আগামী ১৪ তারিখ থেকে এক সপ্তাহ কঠোর লকডাউন ঘোষণা করেছিলেন। পরিস্থিতি বিবেচনায় আবারও ৭ দিনের জন্য লকডাউন ঘোষণা করেছে।
আপনারা সরকারকে সহায়তা করবেন, নিজেদের জন্য, ভবিষ্যত প্রজন্মের জন্য। কর্মীদের বলেন, দেশকে অস্থিতিশীল করতে মৌলবাদী শক্তি সহ একটি চক্র মাঠে নেমেছে। ওরা হেফাজত, জামাত, বিএনপি একই সুত্রে গাথা। ওদের বিরুদ্ধে সজাগ থাকুন।

সারা দেশে ভাংচুর করছে, অগ্নি সংযোগ করে দেশে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করছে। বিএনপি ওদের কাধে চেপে সরকারে যাবার স্বপ্ন দেখছে। এদের বিরুদ্ধে রুখে দাড়াতে হবে। দলের প্রতিটি নেতা কর্মীকে সজাগ থাকতে হবে। মাঠে প্রস্তুত থাকতে হবে। কোন প্রকার

অরাজকতা করার চেস্টা করলে কঠোর ভাবে দমন করতে হবে।

মতবিনিময় সভায় উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনুর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সাাংগাঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, জেলা শ্রমিক লীগের নেতা আফজাল হোসেন, জেলা বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম, জেলা সদস্য আবু মুছা, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, পৌর সভাপতি দেলোয়াার হোসেন, সাধারণ সম্পাদক মতিয়ার রহমার ফারুক।

উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক সাবেক ভাইস চেয়ারম্যান কাজী খালেদুর রহমান অরুনের উপস্থাপনায় উপস্থথিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি বিশিষ্ঠ ব্যবসায়ী ও শিক্ষানুরাগী আলহাজ লিয়াকত আলী লিপু মোল্লা, হামিদুল ইসলাম, খন্দকার শাহ আলম মন্টু, পৌর আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, উপজেলা ছাত্রলীগের সভাপতি ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহমেদ ডন, উপজেলা আাওয়ামী লীগের প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পৌর আওয়ামীলীগের সহসভাপতি আবু ডালিম,সহিদুল হক মোল্লা অপু প্রমুখ।

কোটচাঁদপুরে প্রতিবেশীর হামলায় বাবা-ছেলেসহ আহত ৫

ঝিনাইদহের কোটচাঁদপুরে জমি-জমার বিরোধের জেরে প্রতিবেশীর উপর হামলার ঘটনা ঘটেছে। এঘটনায় বাবা-ছেলে সহ ৫ জন আহত হয়েছেন। প্রতিপক্ষ প্রতিবেশীরা দেশীয় অস্ত্র নিয়ে বাবা-ছেলে সহ ৫ জনকে কুপিয়ে জখম করেছে বলে জানাযায়।

গত মঙ্গলবার উপজেলার কুশনা ইউনিয়নের মহনপুর গ্রামে এ ঘটনা ঘটে। হামলার স্বীকার হলেন, ওই এলাকার মৃত ফকির চাঁদ মন্ডলের ছেলে আব্দুর রাজ্জাক (৭০), রাজ্জাকের ছোট ছেলে সোহাগ হোসেন (৩৫), বড় ছেলে সেলিম হোসেন (৪০), রাজ্জাকের চাচাতো ভাই আব্দুল মান্নানের ছেলে জিহাদ হোসেন (২০), ও আক্কাস আলীর স্ত্রী ভদিরন

নেছা (৪২)।

আহতদের পরিবার সূত্রে জানা যায়, উপজেলার মহনপুর গ্রামের আব্দুল মান্নানের বাড়ির সীমানার পশে প্রতিবেশী মৃত কিসমত আলীর ছেলে শহিদুল ইসলামের জমি। ঘটনার দিন জমির সীমানা নির্ধারণ করতে যেয়ে মান্নানের জমির মধ্যে শহিদুলের দুটি নারকেল গাছ চলে আসে। নিজের জমিতে রান্না ঘর তৈরী করার জন্য প্রতিবেশী শহিদুলকে তার গাছ দুটি কেটে নিতে বলেন।

এসময় উভয়ের মধ্যে কথা কাটাকাটির এক পর্যায়ে অভিযুক্ত শহিদুল ইসলাম তার উপর চড়াও হয়। পরে তাদের সাথে ওই এলাকার আবুল কাশেম, মহিদুল, আব্দুল মালেক, শিমুল হোসেন, নাহিদ, বিপুল, শাহিনুর রহমান, মনিরুল ও সজিব দেশীয় অস্ত্র নিয়ে একত্রে হামলা চালায়।

হামলায় বাবা-ছেলে সহ একই পরিবারের ৫ জন আহত হন। স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে ভর্তি করেন।
এঘটনায় গুরতর আহত ৪ জন কে যশোর জেনারেল হাসপাতালে পাঠায় চিকিৎসক। পরে অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য আব্দুর রাজ্জাক ও ছেলে সোহাগকে ঢাকায় রেফার্ড করা হয়।

হামলার ঘটনায় গুরতর আহত আব্দুর রাজ্জাকের চাচাতো ভাই সিরাজুল ইসলাম বাদী হয়ে কোটচাঁদপুর থানায় অভিযুক্তদের বিরুদ্ধে মামল দায়ের করেছেন।
কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন জানান, মারামারির ঘটনায় মামলা দায়ের হয়েছে। সঠিক তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহন করা হবে।